

স্মারক নং- ইআবি/জনসংযোগ,ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০২৪৫

তারিখ : ০৪ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কামিল (স্নাতকোত্তর)

১ম ও ২য় পর্ব পরীক্ষার ফলাফল প্রকাশ




ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২১ এর ফলাফল প্রকাশ করা হয়েছে। আজ দুপুর ১২.০০ ঘটিকায় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অফিস কক্ষে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক এ. কে. এম আক্তারুজ্জামান কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২১ এর ফলাফল ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ-এর হাতে হস্তান্তর করেন।

কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা ফলাফল প্রকাশ উপলক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ বলেন, পরীক্ষা নিয়ন্ত্রকসহ পরীক্ষা দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে দ্রুত সময়ের মধ্যে ফলাফল প্রস্তুত করা হয়। এ ফলাফল প্রকাশের মাধ্যমে মাদরাসা শিক্ষার্থীদের সকল হতাশা দূর হলো। পরীক্ষার ফলাফল হস্তান্তরের সময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার জনাব এস. এম. এহসান কবীর, রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম, পরিচালক অর্থ ও হিসাব মোছাব্বির মোহাম্মদ মুছা সহ পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত ০৯/১০/২০২৩ খ্রি. তারিখ থেকে শুরু হয়ে ১৭/১০/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত দেশব্যাপী কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা অনুষ্ঠিত হয়। কামিল (স্নাতকোত্তর) পাসের হার ১ম বর্ষ ৯২%, ২য় বর্ষ ৯৫.৯৪%। পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iau.edu.bd এ পাওয়া যাবে।

অনুলিপি:

- আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- অফিস নথি।


(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়